

বিভিন্ন স্কুল কলেজের কাছে রাজশাহী শিক্ষা বোর্ডের পাঁচ লাখ টাকা পরীক্ষার ফি পাওনা

রাজশাহী, ৫ জুলাই (সংবাদদাতা)।—রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের প্রায় পাঁচ লাখ টাকা বোর্ডের অধীন বিভিন্ন স্কুল ও কলেজের নিকট পাওনা রয়েছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক ছাত্র-ছাত্রীদের পরীক্ষার ফি বাবদ এই টাকা অনাদায়ী রয়েছে বলে জানা গেছে।

অধিকাংশ স্কুল ও কলেজে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার ফি ছাত্র-ছাত্রীদের নিকট হতে আদায় করলেও সময়মত বোর্ডে জমা দেয়া হয় না। পরীক্ষার ফি জমা দিয়ে প্রবেশ পত্র সংগ্রহ করার নিয়ম। যথা সময়ে ফরম পূরণের সময় স্কুল ও কলেজ কর্তৃপক্ষ ফি আদায় করেন। কিন্তু তা বোর্ডে জমা হয় না। পরীক্ষার পূর্ব মূহুর্তে স্কুল ও কলেজ কর্তৃপক্ষের

চাপাচাপিতে ফি বাকী রেখেই প্রবেশ পত্র দিয়ে দেন। কিন্তু শর্ত থাকে তাড়াতাড়ি তারা ফি-এর টাকা জমা দেবেন। শর্ত থাকলেও তা সব সময় মেনে চলা হয় না। অভিযোগে জানা যায় শিক্ষা বোর্ডের এক শ্রেণীর কর্মচারীর সহায়ক ফি-এর টাকা জমা না দিয়ে প্রবেশ পত্র সংগ্রহ করা হয়। বোর্ডে পূর্বাঙ্কে ঐ সব ফি-এর টাকা জমা দেবার কথা থাকলেও কর্তৃপক্ষের নজরে সব সময় বিষয়টা আনা হয় না।

কোন কোন ক্ষেত্রে দেখা যায়, পরীক্ষার দু'তিন দিন পূর্বে এক শ্রেণীর স্কুল ও কলেজ কর্তৃপক্ষ ফি-এর টাকা জমা দেয়া ছাড়াই প্রবেশ পত্র সংগ্রহের জন্য ধর্না দেন।

বোর্ড কর্তৃপক্ষ শর্ত সাপেক্ষে ছাত্র-ছাত্রীদের পরীক্ষা দেয়ার বিষয় বিবেচনা করে প্রবেশ পত্র দিয়ে দেন। এমনও দেখা যায় স্কুল ও কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার দু'দিন পূর্বেও অনেক সময় প্রবেশ পত্র নিতে আসেন না। সে ক্ষেত্রে পরীক্ষার্থীদের বিষয় বিবেচনা করে মানবিক কারণে বোর্ড কর্তৃপক্ষ বিশেষ ব্যবস্থাদীনে প্রবেশ পত্র সংশ্লিষ্ট বিদ্যালয় বা কেন্দ্রে পাঠানোর ব্যবস্থা করেন।

জানা যায়, গত মাধ্যমিক এবং চলতি উচ্চমাধ্যমিক পরীক্ষার ফি বাবদ বাকী ছিল প্রায় পাঁচ লাখ টাকা। তবে কর্তৃপক্ষের বিশেষ তৎপরতার কারণে এই সব বকেয়ার পরিমাণ অনেকটা কমে এসেছে বলে জানা গেছে।